



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ঢাকা বিশ্ববিদ্যালয়

০১ জানুয়ারি ২০২৩ রবিবার উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ‘পাঠ্যপুস্তক উৎসব দিবস - ২০২৩’ উদযাপন করা হয়। উৎসবটি জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য এবং বিদ্যালয়ের গভর্নিং বডির সম্মানিত সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদেরকে সরকারি পাঠ্যবই উপহার দিয়ে বই বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি অধ্যাপক ড. মোঃ নিজামুল হক ভূইয়া এবং বিদ্যালয়ের গভর্নিং বডির সদস্য সহযোগী অধ্যাপক ড. সোহানা মাহবুব। ‘পাঠ্যপুস্তক উৎসব দিবস - ২০২৩’ উদযাপন অনুষ্ঠানের তত্ত্বাবধানে ছিলেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জহুরা বেগম।



প্রধান অতিথি মাননীয় উপাচার্য মহোদয়কে ফুলের তোড়া দিয়ে বরণ করছে ৫ম শ্রেণির শিক্ষার্থী রোদসী নূর সিদ্দিকী



জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শুরুর দৃশ্য



অনুষ্ঠানে মূল্যবান বক্তব্য রাখছেন বিদ্যালয়ের গভর্নিং বডির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিদ্যালয়ের অধ্যক্ষ জহুরা বেগম



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি অধ্যাপক ড. মোঃ নিজামুল হক ভূইয়া



শিক্ষার্থীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করছেন বিদ্যালয়ের গভর্নিং বডির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান



শিক্ষার্থীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করছেন বিদ্যালয়ের গভর্নিং বডির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান



নতুন বছরে প্রথম দিন নতুন বই হাতে শিক্ষার্থীদের উচ্ছ্বাস



৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের মাঝে নতুন পাঠ্যক্রমের পাঠ্যপুস্তক বিতরণ করছেন বিদ্যালয়ের অধ্যক্ষ জহুরা বেগম



৭ম শ্রেণির শিক্ষার্থীদের মাঝে নতুন পাঠ্যক্রমের পাঠ্যপুস্তক বিতরণ করছেন বিদ্যালয়ের অধ্যক্ষ জহুরা বেগম